

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
একটি বাড়ি একটি খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২ ইন্সটন গার্ডেন, ঢাকা-১০০০
www.ebek-rdcd.gov.bd

স্মারক নং- এবএখা/উন্নয়ন/ঋণ নীতিমালা প্রঃ/১৩০/২০১৭-৭৪২

তারিখ: ২৬.১১.২০১৮ খ্রি:।


বিষয়ঃ 'একটি বাড়ি একটি খামার প্রকল্প' এর ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ বিতরণের লক্ষ্যে উপকারভোগীর নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, প্রতি উপজেলা হতে ইউনিয়ন প্রতি ১২(বার) জন করে উপকারভোগীর মাঝে ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ বিতরণের সুযোগ রয়েছে। উল্লেখ্য যে, প্রতি উপজেলা হতে ১ম পর্যায়ে ১৫(পনের) জন এবং ২য় পর্যায়ে ইউনিয়ন প্রতি ০৬ (ছয়) জন করে উপকারভোগীর নাম ও হিসাব নম্বরের তালিকা চাওয়া হয়েছিল। এ প্রেক্ষিতে অধিকাংশ উপজেলা হতে বর্ণিত তালিকা ০২ টি প্রেরণ করা হলেও কিছু উপজেলা হতে ১ম পর্যায়ের ১৫(পনের) জন এবং ২য় পর্যায়ের ইউনিয়ন প্রতি ০৬ (ছয়) জন হিসেবে উপকারভোগীর নামের কম বেশি তালিকা প্রেরণ করা হয়েছে। আবার কতিপয় উপজেলা হতে বর্ণিত তালিকাদ্বয়ের কোনটিই পাওয়া যায়নি। ফলে বিগত ২০১৭-১৮ অর্থ বছরে ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ বিতরণ খাতে প্রাপ্ত অধিকাংশ অর্থ অবিতরণকৃত অবস্থায় রয়েছে।

এমতাবস্থায়, প্রত্যেক উপজেলা হতে ইউনিয়ন প্রতি ১২ (বার) জন হিসেবে উপকারভোগীর নাম,, আইডি নং ও সমিতির নাম নিম্নোক্ত ছক অনুযায়ী উপজেলা সমন্বয়কারী এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক স্বাক্ষরিত তালিকার হার্ডকপি (ebekpersonnel@gmail.com) ই-মেইল ঠিকানায় জরুরিভিত্তিতে আগামী ১০.১২.২০১৮ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য, যে সকল উপজেলা হতে ১ম এবং ২য় পর্যায়ের চাহিত তালিকা প্রেরণ করা হয়েছে সে সকল উপজেলা হতে প্রেরিত তালিকাদ্বয় বাদে ইউনিয়ন প্রতি অবশিষ্ট উপকারভোগীর নামের তালিকা এবং যে সকল উপজেলা হতে ১ম ও ২য় পর্যায়ের চাহিত তালিকা প্রেরণ করা হয়নি সে সকল উপজেলা হতে ইউনিয়ন প্রতি ১২ (বার) জন হিসেবে উপকারভোগীর নামের তালিকা উল্লিখিত সময়ের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

ক্রমিক নং	উপকারভোগীর নাম ও আইডি নং	সমিতির নাম

* প্রত্যেক উপকারভোগীর নামে পল্লী সঞ্চয় ব্যাংকে হিসাব নম্বর খুলে ঋণ বিতরণ করতে হবে। পত্রে উল্লিখিত ই-মেইল ঠিকানায় মেইল প্রেরণ নিশ্চিত করার জন্য এবং প্রয়োজনে মোবাইল নং- ০১৭১৬৩৬৫৭৭৫ অথবা ০১৮২৭৮৬৬৮৬৫ এ যোগাযোগ করা যেতে পারে।


(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

একটি বাড়ি একটি খামার প্রকল্প

ফোন: ৯৩৫৯০৮৩, ফ্যাক্স: ৯৩৪৮২০৬

headoffice@ebek-rdcd.gov.bd

জেলা সমন্বয়কারী

.....জেলা।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক
- ৩। উপজেলা নির্বাহী অফিসার,
- ৪। প্রোগ্রামার, একটি বাড়ি একটি খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
- ৬। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
- ৭। উপজেলা সমন্বয়কারী (উপকারভোগীর তালিকা প্রেরণের বিষয়টি নিশ্চিত করার নির্দেশসহ)।
- ৮। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।